

২০২১-২০২৩ ধর্মপাল-সংসদের সফলতা কামনায়
ধর্মপ্রাদেশিক স্তরে পবিত্র আত্মাকে আবাহন প্রার্থনা

পবিত্র আত্মার সমীপে নিবেদন

হে পবিত্র আত্মা,
আমরা তোমার নামে সম্মিলিত হ'য়ে
তোমার সমীপে উপস্থিত হয়েছি।
একমাত্র তুমিই আমাদের পথপ্রদর্শক,
তুমি আমাদের অন্তরে তোমার আবাস গড়ে তোল;
কোন পথে আমাদের চলতে হবে
এবং সেই পথ আমরা কিভাবে অনুসরণ করব,
তা তুমি আমাদের শিখিয়ে দাও।
দুর্বল পাপী মানুষ আমরা,
আমরা যেন বিশৃঙ্খলা ছড়িয়ে দেওয়ার সহায়ক না হয়ে উঠি,
অজ্ঞানতা যেন আমাদের বিপথে চালিত করতে না পারে
অথবা যেন আমাদের কাজকর্মকে পক্ষপাতদুষ্ট না করে তুলতে পারে।
আমরা যেন তোমার মধ্যেই আমাদের একতা খুঁজে পাই
যাতে আমরা সত্য ও ন্যায়ের পথে বিভ্রান্ত না হয়ে পড়ি
বরং সকলে যেন একসঙ্গে শাস্ত্র জীবন পথে যাত্রা করতে পারি।
আমরা এই প্রার্থনা করি তোমারই নামে,
যে-তুমি সর্বকালে ও সর্বস্থানে পিতা ও পুত্রের সংযোগে
সদা কর্মমুখর রূপে যুগে যুগান্তরে বিরাজমান।
আমেন।